

দেখুন, যুদ্ধ চলছে

যুদ্ধ চলে, চলতে থাকে, কবরে শিশির পড়ে ঘাসে---
 মহান বিজয়ী ওরা, শুয়ে পড়ে বিজিতের পাশে;
 যুদ্ধ চলে, চলতে থাকে, প্লা ওঠে যুদ্ধ ক্যানো হয়?
 শঙ্কত উত্তর আসে, সুচতুর যুদ্ধ ক্যানো নয়?
 যুদ্ধ চলে, চলতে থাকে, যুদ্ধশিল্পে প্রহরা অচল---
 কবরে শিশির পড়ে, শুয়ে পড়ে সৎ আর খল;
 যুদ্ধ চলে, চলতে থাকে, পূর্ণ হয় বণিকের ঘড়া,
 লড়ুয়া মোরগ শেখে, জন্মজন্ম, বিনা প্রহ লড়া।

ইদানিং নারীরাও অনাবিল জন্ম দেয়া ছেড়ে
 পুষালি নৃশংসতা দ্রুত শিখছে--- প্রাণ নেবে কেড়ে;
 রাষ্ট্রনেতা, শিল্পনেতা চুক্তিবদ্ধ সমস্ত সময়
 আকৃতি? --- মানুষই এরা, প্রকৃতিতে অবশ্য তা নয়।

যুদ্ধ চলে, যুদ্ধ চলছে, মাঝেমধ্যে বাড়ে আর কমে
 কোনো শান্তিচুক্তি নেই, সন্ধি নেই, মানুষে ও যমে।

সমরেন্দ্র ভট্টাচার্য

